



ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ

প্রধান কার্যালয়, বিডিবিএল ভবন (লেভেল: ১৪-২১)

৮ রাজউক এভিনিউ, ঢাকা।

www.icb.gov.bd

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

নং-৫৩.১৩.০০০০.০০৯.১৭.০০২.২১.২১৮

তারিখ: ২৬ জানুয়ারি ২০২১

বিজ্ঞপ্তি

সিনিয়র অফিসার (গ্রেড-৯) পদে নিয়োগের লক্ষ্যে পুলিশ ভেরিফিকেশন রোল জমা প্রদান সংক্রান্ত বিজ্ঞপ্তি

ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়, বাংলাদেশ ব্যাংক কর্তৃক ১৭ জানুয়ারি ২০২১ তারিখের বিজ্ঞপ্তি নং ১৩/২০২১ এর মাধ্যমে প্রকাশিত ফলাফল অনুসারে ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি)-এ সিনিয়র অফিসার (গ্রেড-৯) পদে ৩য় পর্যায়ে নিয়োগের লক্ষ্যে প্রাথমিকভাবে নির্বাচিত ০৩ (তিন) জন প্রার্থীর রোল নম্বর সম্বলিত তালিকা কর্পোরেশনের ওয়েবসাইটে প্রকাশিত হয়েছে।

০২। সিনিয়র অফিসার (গ্রেড-৯) পদে নিয়োগের লক্ষ্যে প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীগণকে কর্পোরেশনের ওয়েবসাইট (www.icb.gov.bd) হতে পুলিশ ভেরিফিকেশন রোল ফরম ডাউনলোড করে স্বহস্তে যথাযথভাবে পূরণ করে এর সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি ক্রমানুসারে সংযুক্ত করে উপ-মহাব্যবস্থাপক, অ্যাডমিনিস্ট্রেশন ডিভিশন, ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ, প্রধান কার্যালয়, বিডিবিএল ভবন (লেভেল-১৪), ৮ রাজউক এভিনিউ, ঢাকা বরাবর আগামী ০৩ ফেব্রুয়ারি ২০২১ তারিখের মধ্যে ডাকযোগে/কুরিয়ার মারফত/সরাসরি জমা করার পরামর্শ দেয়া যাচ্ছে:

- ১) রোল নম্বর, মোবাইল নম্বর এবং ই-মেইল অ্যাড্রেস উল্লেখ করে স্বহস্তে লিখিত আবেদনপত্র;
- ২) সদ্য তোলা পাসপোর্ট আকারের ২ (দুই) কপি সত্যায়িত রঙিন ছবি;
- ৩) সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত প্রশংসাপত্রের সত্যায়িত কপি;
- ৪) শিক্ষাগত যোগ্যতার সনদপত্রসমূহের সত্যায়িত কপি;
- ৫) কোটার স্বপক্ষে দলিলাদির সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে);
- ৬) প্রথম শ্রেণির ম্যাজিস্ট্রেট অথবা স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর/পৌরসভার চেয়ারম্যান/মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব/জাতীয়তা সনদপত্রের সত্যায়িত কপি; এবং
- ৭) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।

০৩। কোন প্রার্থী নির্ধারিত তারিখের মধ্যে পুলিশ ভেরিফিকেশন রোল ফরম ও আনুষঙ্গিক কাগজপত্র জমা প্রদানে ব্যর্থ হলে তিনি নিয়োগের জন্য অযোগ্য বলে বিবেচিত হবেন।

(জাহাঙ্গীর হোসেন)

সহকারী মহাব্যবস্থাপক

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

ই-মেইল: agm_hr@icb.gov.bd

ফোন : ০২-৪১০৫০৬১৭